

আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সমবায় বাজার	জনাব ভোল্টন মন্ডল সভাপতি, জিরবুনিয়া গ্রাম উন্নয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ জানান তাদের সমিতির মূলধন মাছ চাষ, পশুপালন, ভোগ্য পণ্য ঋণ ইত্যাদি খাতে বিনিয়োগ করে নিজেদের উন্নয়নের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। যদি বিভিন্ন স্পটে সমবায় বাজার স্থাপনের ক্ষেত্রে সরকারী সহযোগিতা পাওয়া যায় তাহলে সমবায় সমিতির উৎপাদিত পণ্য বিক্রয় করার দ্বারউন্মোচিত হয়। তাছাড়া সমবায় সমিতির বিনিয়োগের আরও নতুন ক্ষেত্র তৈরী হয়। সিদ্ধান্ত: খাস জমি বরাদ্দ গ্রহণের জন্য উপযুক্ত স্থান নির্বাচন করে একটি প্রস্তাব প্রেরণ করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, পাইকগাছা, খুলনা।
বৃক্ষ রোপন কর্মসূচি	জনাব অশোক পাল, সম্পাদক, পাইকগাছা উপজেলা নার্সারী মালিক সমবায় সমিতি লিঃ জানান সমবায় সমিতির মাধ্যমে বৃক্ষ রোপন খাতে বিনিয়োগ করে ভাল লাভবান হতে পারে। এক্ষেত্রে যদি কোন চুক্তির আওতায় সরকারী রাস্তা লীজ গ্রহণ করা যায় তাহলে রাস্তার দুধারে বৃক্ষ রোপন খাতে সমিতির মূলধন বিনিয়োগ করা যেতে পারে। সিদ্ধান্ত: লীজ গ্রহণের জন্য উপযুক্ত স্থান নির্বাচন করে একটি প্রস্তাব প্রেরণ করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, পাইকগাছা, খুলনা ও জেলা সমবায় অফিসার, খুলনা
সহযোগিতা প্রদান	জনাব মোঃ অহেদুর জামান খোকন, সভাপতি, বন্ধন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ জানান সরকারী নীতি মালা অনুযায়ী সমিতির নামে সরকারী জলাকার ইজারা গ্রহণ করে মৎস্য চাষ করেন। কিন্তু এলাকার দূর্বৃত্তরা বিভিন্ন সময়ে গভীর রাতে মাছ ধরে নিয়ে যান। প্রশাসনিক সহযোগিতার অভাব থাকায় তারা এ সমস্যার কোন সমাধান করতে পারছেন না। ফলে তারা আর্থিক ভাবে প্রচুর ক্ষতির সম্মুখীন হচ্ছেন। সিদ্ধান্ত: লিখিত অভিযোগ দায়ের করতে হবে এবং এর ভিত্তিতে প্রশাসনিক সহযোগিতা প্রদানের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, পাইকগাছা, খুলনা ও জেলা সমবায় অফিসার, খুলনা
সিডিএফ	জনাব দীপন জোদ্ধার সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, পাইকগাছা, খুলনা বলেন, অত্র উপজেলার সকল সমবায়ীরা যথেষ্ট সহযোগী। অত্র দপ্তরের সাথে সংশ্লিষ্ট সকল কার্যক্রমে তাদের সার্বিক সহযোগিতা পাওয়া যায়। প্রতি বছর সমিতির নামে ধার্যকৃত অডিট ফি ও সিডিএফ ১০০% পরিশোধ করেন এবং জাতীয় সমবায় দিবসে স্বতঃস্ফূর্ত অংশ গ্রহণ করেন। সিদ্ধান্ত: শত ভাগ সিডিএফ পরিশোধ করার ধারা অব্যহত রাখার বিষয়ে ইউসিও ও জেলা সমবায় অফিসারকে তদারকী করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, পাইকগাছা, খুলনা। ও জেলা সমবায় অফিসার, খুলনা

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বা/- (মোঃ মিজানুর রহমান)
যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
ফোন ০৪১-৭৬১৯৮১
jroffice.khulna@gmail.com

স্মারক নং-৪৭.৬১.৪৭৬৪.০০০.০৬.১৩১.২০.১৯৩/১৫৫

তারিখ: ১৯/১১/২০২০ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১) অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাউস ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ২) উপনিবন্ধক (সমবায় কর্মমূল্যায়ন) সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৩) জেলা সমবায় অফিসার, খুলনা।
- ৪) জনাব..... সভাপতি/সম্পাদক সমবায় সমিতি লিঃ পাইকগাছা, খুলনা।
- ৫) বিভাগীয় যুগ্মনিবন্ধক, খুলনা মহোদয়ের একান্ত সহকারী (বিভাগীয় যুগ্মনিবন্ধক, খুলনা মহোদয়ের সদয় অবগদতর জন্য।


(মোঃ বেনজীর আহমেদ)
উপজেলা সমবায় অফিসার
পাইকগাছা, খুলনা।
ফোন: ০৪০২৭-৫৬০৫৮
ucu.paik@gmail.com